# বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
প্রধান কার্যালয়
ঢাকা।

বিজ্ঞপ্তি নং-৫২/২০২১

তারিখঃ ০২ ভাদ্র, ১৪২৮
১৭ আগস্ট, ২০২১

## পুন:নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকে **সিসিটিভি অপারেটর** এবং **সিসিটিভি টেকনিশিয়ান** পদে নিয়োগের উদ্দেশ্যে ০৬ অক্টোবর, ২০১৯ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি নং- ৪২/২০১৯ এর আওতায় চলমান নিয়োগ প্রক্রিয়া বাতিলপূর্বক বর্ণিত পদসমূহে নিয়োগের উদ্দেশ্যে প্যানেল প্রস্তুতির জন্য বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে পুনরায় দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| | | | |
|---|---|---|---|
| ১) | **পদের নাম** | : | **সিসিটিভি অপারেটর।** |
| | ক) শিক্ষাগত যোগ্যতা | : | স্নাতক পাসসহ কম্পিউটার বিজ্ঞানে ডিপ্লোমা/সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে 'হার্ডওয়ার ও সফ্টওয়ার' বিষয়ে অন্যূন ০৬(ছয়) মাস মেয়াদী সর্ট কোর্স সম্পন্ন। |
| | খ) অভিজ্ঞতা | : | সিসিটিভি ক্যামেরা স্থাপন, ক্যাবল ফিটিং, ক্যামেরা স্থানান্তর, সমস্যা সনাক্তকরণ ও সমাধানের বাস্তব অভিজ্ঞতাসহ সিসিটিভি পরিচালনা ও পর্যবেক্ষণে কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| | গ) বেতন স্কেল | : | জাতীয় বেতন স্কেল ২০১৫ এর আওতায় ১৬তম গ্রেডের স্কেল (টাঃ ৯,৩০০-২২,৪৯০) এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। |
| | ঘ) পদের সংখ্যা | : | ২৬(ছাব্বিশ) টি (কম/বেশী হতে পারে)। |
| ২) | **পদের নাম** | : | **সিসিটিভি টেকনিশিয়ান।** |
| | ক) শিক্ষাগত যোগ্যতা | : | এসএসসি(ভোকেশনাল) অথবা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট(এসএসসি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে 'ইলেক্ট্রিক্যাল' বিষয়ে অন্যূন ০৬(ছয়) মাস মেয়াদী ট্রেডকোর্সে উত্তীর্ণ। |
| | খ) অভিজ্ঞতা | : | সিসিটিভি ক্যামেরা স্থাপন, ক্যাবল ফিটিং, ক্যামেরা স্থানান্তর, সমস্যা সনাক্তকরণ ও সমাধানের বাস্তব অভিজ্ঞতাসহ সিসিটিভি পরিচালনা ও পর্যবেক্ষণে কমপক্ষে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| | গ) বেতন স্কেল | : | জাতীয় বেতন স্কেল ২০১৫ এর আওতায় ১৯তম গ্রেডের স্কেল (টাঃ ৮,৫০০-২০,৫৭০) এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। |
| | ঘ) পদের সংখ্যা | : | ০৩(তিন) টি (কম/বেশী হতে পারে)। |
| ৩) | **উভয় পদের ক্ষেত্রে বয়স (০১/০৮/২০২১ তারিখে)** | : | ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর।<br>খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর। |

৪) **০৬/১০/২০১৯ তারিখের বিজ্ঞপ্তি নং-৪২/২০১৯ এর মাধ্যমে 'সিসিটিভি অপারেটর' ও 'সিসিটিভি টেকনিশিয়ান' পদে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত যথাক্রমে ৭০০ জন এবং ৫৭৭ জন প্রার্থী নতুন নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।**

৫) আগ্রহী প্রার্থীদেরকে আগামী **১৬/০৯/২০২১** তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।

৬) দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী erecruitment.bb.org.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৭) ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অনলাইনে আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থী তার স্বাক্ষর ও সদ্যতোলা Formal রঙিন ছবি আপলোড করবেন। স্বাক্ষর এবং ছবির ব্যাকগ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে।

৮) O' Level ও A' Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

৯) Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

১০) Online এ আবেদন করার পর CV Identification Number, Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরীক্ষার প্রবেশপত্র Download করা এবং পরবর্তী বিভিন্ন কাজে বর্ণিত তথ্যসমূহ প্রয়োজন হবে।

১১) প্রার্থীদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২) প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদিসহ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপস্থিত থাকতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১৩) চাকুরিরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।

১৪) আবেদনের সময় উল্লিখিত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে সনদপত্র উক্ত স্থায়ী ঠিকানার সপক্ষে হতে হবে।

১৫) অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

১৬) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারি নীতিমালা ও অন্যান্য বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৭) কোন ক্ষেত্রে কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।

১৮) বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

**স্বাক্ষরিত/-**
(মোঃ গোলাম মোস্তফা)
মহাব্যবস্থাপক